



'সমানা মনঃ সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 6th Semester Examination, 2024

CC13-BENGALI

সংস্কৃত, ইংরেজি ও হিন্দি সাহিত্যের ইতিহাস

NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৩×৪ = ১২

- (ক) 'মেঘদূত' কী ধরনের কাব্য? এর শ্লোকসংখ্যা লেখো। এর অনুসরণে সেনযুগে বাঙালি কবি রচিত কাব্য ও কবির নাম উল্লেখ করো।
- (খ) ভবভূতির নাটকগুলির কাহিনি-উৎস লেখো। কোন নাটকের অঙ্ক সংখ্যা ক'টি?
- (গ) 'Lyrical Ballads' কাব্যে ওয়ার্ডসওয়ার্থের ক'টি কবিতা ছিল? তিনটি কবিতার নাম উল্লেখ করো।
- (ঘ) প্রকাশকাল-সহ চার্লস ডিকেন্স-এর প্রথম উপন্যাসের নাম লেখো। লেখকের আত্মজীবনীমূলক উপন্যাস কোনটি? এটি কবে প্রকাশিত হয়?
- (ঙ) ফণীশ্বরনাথ রেণুর প্রথম উপন্যাসের নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়? উপন্যাসটিকে লেখক কী ধরনের রচনা বলে অভিহিত করেছেন?
- (চ) মুন্সি প্রেমচন্দ্রের প্রথম গল্প কবে প্রকাশিত হয়? গল্পটির নাম কী? তাঁর প্রথম গল্পগ্রন্থের নাম ও তার প্রকাশকাল লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৬×৪ = ২৪

- (ক) সংস্কৃত নাট্যসাহিত্যের ধারায় 'মুচ্ছকটিকম্'-এর অভিনবত্ব আলোচনা করো।
- (খ) কবি কোলরিজের দু'টি কাব্য 'কুবলা খান' এবং 'রাইম অফ দি অ্যান্টিয়েন্ট মেরিনার' সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।
- (গ) 'ওড' রচনায় কবি কিটস্-এর কৃতিত্ব বুঝিয়ে দাও।
- (ঘ) 'এ টেল অফ টু সিটিজ' কার লেখা? গ্রন্থে কোন দু'টি শহরের কথা বলা হয়েছে? রচনাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঙ) মুন্সি প্রেমচন্দ্রের কোন গল্প অবলম্বনে সত্যজিৎ রায় হিন্দি চলচ্চিত্র নির্মাণ করেছিলেন? গল্পটি কবে প্রকাশিত হয়? গল্পে কোন সমাজের কথা, কীভাবে উঠে এসেছে অল্প কথায় লেখো।
- (চ) 'বীণা' এবং 'যুগবাণী' কাব্য দু'টি কার রচনা? এগুলির সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাওঃ

১২×২ = ২৪

- (ক) ভাস-এর 'নাট্যচক্র' বলতে কী বোঝো? ভাস মোট ক'টি নাটক লিখেছিলেন? নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে সংস্কৃত নাট্যসাহিত্যে তাঁর স্থান নির্ণয় করো।
- (খ) ঐতিহাসিক নাটক রচনায় শেক্সপিয়ার-এর কৃতিত্ব বুঝিয়ে দাও।
- (গ) মহাকাব্য রচনার ক্ষেত্রে জন মিলটন এবং জন কিটস্-এর সাফল্য বা ব্যর্থতা আলোচনা করো।
- (ঘ) ভারতেন্দু হরিশ্চন্দ্র কোন সময়ের মানুষ ছিলেন? তাঁর বহুমুখী সাহিত্যিক প্রতিভার পরিচয় দাও।

—x—